



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড বরিশাল

www.barisalboard.gov.bd

স্মারক নং- বশিবি/ বিঅ/ বরিশাল/ ২০১৫/৯৪৫০

তারিখ : ০৬/০৫/১৫

বিষয় : বরিশাল জেলার বাকেরগঞ্জ উপজেলাধীন কাঞ্চন সিকদার বিদ্যালিকেতন নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ে নিম্ন মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি প্রদান সংক্রান্ত

সূত্র : (ক) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং -৩৭.০০.০০০০.০৭৩.৩৩.০৭১.১৩/২০৪, তারিখ: ২১/০৫/২০১৫ খ্রি.।
(খ) চেয়ারম্যান মহোদয়ের ০৭/০৫/২০১৫ তারিখের আদেশ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, নিম্ন বর্ণিত শর্তাবলী পূরণ সাপেক্ষে বরিশাল জেলার বাকেরগঞ্জ উপজেলাধীন কাঞ্চন সিকদার বিদ্যালিকেতন নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ে ০১/০১/২০১৫ তারিখ থেকে ৩১/১২/২০১৬ তারিখ পর্যন্ত ০২ (দুই) বছরের জন্য নিম্ন মাধ্যমিক পর্যায়ের পাঠদানের অনুমতি প্রদান করা হলো। নিম্নে আরোপিত শর্তসমূহ পূরণ পূর্বক যথাযথ প্রক্রিয়ার মাধ্যমে পুনরায় পাঠদানের অনুমতির মেয়াদ বৃদ্ধির প্রস্তাব পাওয়া গেলে পরবর্তী নবায়নের বিষয় বিবেচিত হবে। এ আদেশ সংশোধন, সংযোজন কিংবা বাতিল করার ক্ষমতা বোর্ড কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

আরোপিত শর্তসমূহ :

- ০১। নিয়োগকৃত জনবলের বেতন-ভাতা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল থেকে বহন করতে হবে।
- ০২। পাঠদানের এ অনুমতিকে কোনক্রমেই স্বীকৃতি হিসেবে গণ্য করা যাবে না।
- ০৩। নিয়মিত এ্যাসেম্বলী অনুষ্ঠান ও জাতীয় পতাকা উত্তোলন এবং জাতীয় সঙ্গীত পরিবেশনের মাধ্যমে বিদ্যালয়ের কার্যক্রম শুরু করতে হবে
- ০৪। নিয়মিত সাপ্তাহিক ও মাসিক পরীক্ষা নিতে হবে।
- ০৫। বিদ্যালয়ের কাম্য সংখ্যক শিক্ষার্থী ভর্তি, ভর্তিকৃত শিক্ষার্থীর শিক্ষার গুণগত মান নিশ্চিত সহ ৭৫% পরীক্ষায় অংশগ্রহণ এবং এর ৫০% পাস করতে হবে।
- ০৬। ভর্তি রেজিস্টারে শিক্ষার্থীর সকল তথ্য বাংলা ও ইংরেজীতে লিপিবদ্ধ করতে হবে।
- ০৭। বিদ্যালয়ের সকল কার্যক্রম অন লাইনে সম্পন্ন করতে হবে।
- ০৮। বিদ্যালয়ের লাইব্রেরীতে বইয়ের সংখ্যা বৃদ্ধি করতে হবে।
- ০৯। পত্র প্রাপ্তির ১০ (দশ) দিনের মধ্যে প্রবিধানমালা-২০০৯ এর ৪৮ ধারা অনুসরণ পূর্বক নির্বাহী কমিটি গঠন করে বোর্ড হতে অনুমোদন করে নিতে হবে।
- ১০। বার্ষিক পাঠ পরিকল্পনা প্রণয়ন পূর্বক শ্রেণীকক্ষে পাঠদান এবং সৃজনশীল বিষয়ে শিক্ষার্থীদের আরও মনোযোগী করে তুলতে হবে।
- ১১। কর্তৃপক্ষের আদেশ মেনে বিদ্যালয় পরিচালনা করতে হবে।


বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
বরিশাল

প্রধান শিক্ষক

কাঞ্চন সিকদার বিদ্যালিকেতন নিম্ন মাধ্যমিক বিদ্যালয়

ডাকঘর : গারুরিয়া উপজেলা: বাকেরগঞ্জ, জেলা: বরিশাল

অবগতি ও কার্যার্থে বিতরণ:

- ০১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। মহা পরিচালক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ০৩। পরিচালক, ব্যানবেইস -১, সোনার গাও রোড, (পলাশী নীলক্ষেত) ঢাকা- ১২০৫।
- ০৪। জেলা প্রশাসক, বরিশাল।
- ০৫। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।
- ০৬। সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়/মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর/ ব্যানবেইস/ বরিশাল মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড।
- ০৭। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা পরিদপ্তর, বরিশাল অঞ্চল, বরিশাল।
- ০৮। উপজেলা নির্বাহী অফিসার, বাকেরগঞ্জ, বরিশাল।
- ০৯। জেলা শিক্ষা অফিসার, বরিশাল।
- ১০। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল।
- ১১। একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।
- ১২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাকেরগঞ্জ, বরিশাল।
- ১৩। নিবন্ধন শাখা, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।